

"Multi Stakeholder Dialogue on Women Migrant Workers: Potential, Challenges and Strategies for their rights and empowerment" শীর্ষক সংলাপ

ঢাকার সিরডাপ মিলনায়তনের আন্তর্জাতিক সম্মেলন কক্ষে ০৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ সকাল ১০টায় "Multi Stakeholder Dialogue on Women Migrant Workers: Potential, Challenges and Strategies for their rights and empowerment" শীর্ষক সংলাপে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিদেশে কর্মরত যে সকল নারী কর্মী রয়েছে তাদের অধিকার, মর্যাদা ও কল্যাণ নিশ্চিতকরণে বর্তমান সরকার বদ্ধপরিকর। বর্তমান সরকার নারীর ক্ষমতায়নে বিশ্বাস করে। সে লক্ষ্যে নারী শিক্ষা, স্বাস্থ্য, মর্যাদা ও অধিকারসহ সকল বিষয়ে সর্বাধিক গুরুত্ব প্রদান করছে। আমরা নারী কর্মীদের অধিকার নিশ্চিতকরণে দ্বিপাক্ষিক চুক্তিতে তাদের অধিকার, নিরাপত্তা ও সুযোগ-সুবিধার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছি। তারা যাতে করে নিরাপদে থাকতে পারে।

প্রবাসী কল্যাণ মন্ত্রী বলেন, দক্ষ নারী কর্মী প্রেরণের উপর আমরা গুরুত্ব আরোপ করে নানামুখী কার্যক্রম গ্রহণ করেছি। এ লক্ষ্যে উপজেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। নারী কর্মীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে বিদেশস্থ শ্রম বাজারে তাদের কর্মসংস্থানের চাহিদা বৃদ্ধি পাবে। এর ফলে তাদের অধিকার নিশ্চিতসহ রেমিটেন্স বৃদ্ধি পাবে। সর্বোপরি নারী কর্মী তথা নারীদের ক্ষমতায়ন বৃদ্ধি পাবে। তিনি আরও বলেন, সময়ের সাথে সাথে নারীদের জন্য বিদেশে কর্মসংস্থানের নতুন নতুন সম্ভাবনা যেমন তৈরি হচ্ছে তেমনি দেখা দিচ্ছে নতুন নতুন চ্যালেঞ্জ। মন্ত্রী এ সকল চ্যালেঞ্জ এবং প্রতিবন্ধকতাকে অতিক্রম করে নারীদের সামনের দিকে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। কেননা এ দেশের প্রকৃত উন্নয়নের জন্য পুরুষের পাশাপাশি নারীদেরও অর্থনীতি, রাজনীতি, সমাজ ও পরিবারে সমান অংশগ্রহণ এবং ক্ষমতায়ন প্রয়োজন। তিনি বলেন, আজকের সংলাপে উপস্থাপিত সেমিনার পেপারটি অত্যন্ত সময়োচিত ও অর্থবহ। বিদেশ ফেরত নারী কর্মীর বাস্তব অভিজ্ঞতা, UN Women Bangladesh এর Country Representative সহ উপস্থিত বিশিষ্ট জনের সুচিন্তিত পরামর্শ ও সুপারিশসমূহ এ মন্ত্রণালয়ের পরবর্তী কর্মপরিকল্পনা গ্রহণে ইতিবাচক ভূমিকা রাখবে বলে মন্ত্রী মনে করেন।

সংলাপে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাসিমা বেগম এনডিসি'র সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি। স্বাগত বক্তব্যে সচিব বলেন, নারী কর্মীদের সুরক্ষা ও মর্যাদা নিশ্চিত করার সময় এসেছে। তিনি এ বিষয়ে সংলাপে উপস্থিত সকলের সুপারিশ ও মতামত আহ্বান করেন। তিনি বলেন, বিশেষ করে নারী কর্মীদের জীবনমান এর উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় আপনাদের মতামত জরুরী। সংলাপে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি, এমপি। বিশেষ অতিথির বক্তব্যে তিনি বলেন, বিদেশে কর্মরত নারী কর্মীদের জন্য কাজ করার জায়গা ও সুযোগ রয়েছে। তিনি বলেন, কাজের জায়গা হল নারী কর্মীর নিরাপদ গমন নিশ্চিত, তাদের মর্যাদা বৃদ্ধি এবং নারী কর্মীর বিদেশে কর্মসংস্থানের সংখ্যা বৃদ্ধি করা। তিনি আরও বলেন, নারী কর্মীর মর্যাদা বৃদ্ধি করতে ইতিবাচক প্রচার-প্রচারণা বাড়াতে হবে। তিনি বিদেশে কর্মরত নারী কর্মীর কর্মস্থলে তারা কেমন আছে বা তারা কোন সমস্যায় রয়েছে কি না তা দূতাবাস কর্তৃক মনিটরিং বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন।

সংলাপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ মহিলা পরিষদের আন্তর্জাতিক সচিব কেন্দ্রীয় কমিটি রেখা সাহা। সংলাপের আলোচ্য বিষয়ের উপর পর্যালোচনামূলক বক্তব্য প্রদান করেন UN Women Bangladesh এর Country Representative মিজ সুকো ইসিকাওয়া। অনুষ্ঠানে অভিজ্ঞতা বিনিময় করেন ২জন নারী অভিবাসী কর্মী শাজানাজ পারভীন ও শিল্পী বেগম। পরে আলোচ্য বিষয়ের উপরে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এনজিও প্রতিনিধি, সিভিল সোসাইটির প্রতিনিধি, বায়রা'র প্রতিনিধি, অভিবাসন বিশেষজ্ঞসহ উপস্থিত সাংবাদিকবৃন্দ। উন্মুক্ত আলোচনায় তারা তাদের পরামর্শ ও মতামত প্রদান করেন।

UN Women Bangladesh ও বাংলাদেশ মহিলা পরিষদ এর সহযোগিতায় এ সংলাপটি অনুষ্ঠিত হয়। সংলাপে আরো উপস্থিত ছিলেন শ্রম কল্যাণ সম্মেলন ২০১৮ তে অংশগ্রহণকারী ২৬টি দেশের ২৮টি শ্রম উইংয়ে নতুন ৪জন সহ মোট ৪৪ জন কর্মকর্তা, অভিবাসন বিষয়ক এনজিও, সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ, বেসরকারি প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



